ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২২৫৩

আগরতলা,৮ আগস্ট,২০২৫

**ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অসুস্থ**
**তাঁর মস্তিষ্কে সফল অস্ত্রোপচার**

ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন আজ ধর্মনগর যাওয়ার উদ্দেশ্যে আগরতলা রেল স্টেশনে হঠাৎ অচৈতন্য হয়ে পড়ে যান। তাঁকে সঙ্গে সঙ্গে ত্রিপুরা মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। এই সংবাদ পেয়ে খোঁজ নিতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা দ্রুত হাসপাতালে ছুটে যান। পরীক্ষা-নিরীক্ষার পর চিকিৎসকগণ মস্তিষ্কে অভ্যন্তরীণ রক্তক্ষরণের ফলে দ্রুত অস্ত্রোপচারের পরামর্শ দিয়েছিলেন। পরবর্তীতে অধ্যক্ষকে একটি বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে বেসরকারি ও সরকারি হাসপাতালের চিকিৎসকগণ মিলিতভাবে অধ্যক্ষের মস্তিষ্কে অস্ত্রোপচার করেন। চিকিৎসকের সঙ্গে কথা বলার পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এক বিবৃতিতে জানান যে, অধ্যক্ষের অস্ত্রোপচার সফল হয়েছে এবং বর্তমানে তাঁর অবস্থা স্থিতিশীল। আগামী ৭২ ঘণ্টা তাঁকে পর্যবেক্ষণে রাখা হবে।

*****